

বাংলাদেশ সুপ্রীম কোর্ট
হাইকোর্ট বিভাগ, ঢাকা।
(বিচার শাখা)
www.supremecourt.gov.bd

সাক্ষার নং-০২/২০২৪ জে,

তারিখ: ০২.০৭.২০২৪ খ্রি.

বিষয়: স্থাবর সম্পত্তি সংক্রান্ত বিক্রয় চুক্তি সুনির্দিষ্টভাবে কার্যকর করার ক্ষেত্রে The Specific Relief Act, 1877 এর 21A(b) ধারার বিধান আবশ্যিকভাবে প্রতিপালন প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগের ২৬৮৫/২০২৩ নং সিভিল রিভিশন মামলায় (কিশোরগঞ্জ যুগ্ম জেলা জজ, ১ম আদালতের অন্য প্রকার মোকদ্দমা নং-২৩৩/২০২২ হতে উদ্ভূত) মাননীয় বিচারপতি জনাব মোঃ বদরুজ্জামান এবং মাননীয় বিচারপতি জনাব শশাঙ্ক শেখর সরকার মহোদয়ের দ্বৈত বেঞ্চ গত ০৯.০৫.২০২৪ খ্রি. তারিখের রায়ের আদেশে 'স্থাবর সম্পত্তি সংক্রান্ত বিক্রয় চুক্তি সুনির্দিষ্টভাবে কার্যকর করার ক্ষেত্রে' The Specific Relief Act, 1877 এর 21A(b) ধারার বিধান প্রতিপালন সংক্রান্তে নিম্নরূপ নির্দেশনা প্রদান করেছেন:

“...The learned Registrar General of the Supreme Court of Bangladesh is directed to circulate through a **General Notification** among the learned Judges of the sub-ordinate courts that “the Sub-ordinate Civil Courts having original jurisdiction should strictly follow the provisions of section 21A(b) of the Specific Relief Act and the law declared by the hon’ble Appellate Division in *Abul Katam (Md) vs. Md Mohi Uddin and others*, 69 DLR (AD) 239 and if the plaintiff fails to deposit balance consideration at the time of filing of a suit for specific performance of the contract, the Court must refuse to register the suit and return the plaint to the plaintiff”

২। এমতাবস্থায়, ‘স্থাবর সম্পত্তি সংক্রান্ত বিক্রয় চুক্তি সুনির্দিষ্টভাবে কার্যকর করার ক্ষেত্রে’ মাননীয় আদালতের উল্লিখিত নির্দেশনা আবশ্যিকভাবে প্রতিপালনের নিয়ন্ত্রিত অধস্তন আদালতের আদি এখতিয়ারভুক্ত দেওয়ানী আদালতের সকল বিচারক-কে বিষয়টি অবহিত করার জন্য সংশ্লিষ্ট সকল জেলা ও দায়রা জজ-কে নির্দেশ প্রদান করা হলো।

৩। উল্লেখ্য, বর্ণিত সিভিল রিভিশন ২৬৮৫/২০২৩ নং মামলায় গত ০৯.০৫.২০২৪ খ্রিস্টাব্দে প্রদত্ত রায় ও আদেশের কপি অত্র সাক্ষারের সাথে বাংলাদেশ সুপ্রীম কোর্টের ওয়েবসাইটে সংযুক্ত করা হলো।

স্বাক্ষরিত

(মোঃ গোলাম রব্বানী)

রেজিস্ট্রার জেনারেল

ফোন: ০২-২২৩৩৮২৭৮৫


ই-মেইল: rg@supremecourt.gov.bd

স্মারক নং-১ই-২১/২০০০(অংশ-৪)(গ)-৫৯৮১ (৫) জে,

তারিখ: ০২.০৭.২০২৪ খ্রি.

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। সচিব, আইন ও বিচার বিভাগ আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। জেলা জজ, -----(সকল)।
- ৩। সভাপতি/সাধারণ সম্পাদক, জেলা আইনজীবী সমিতি----- (সকল)।
- ৪। মাননীয় প্রধান বিচারপতির সচিব/একান্ত সচিব, হাইকোর্ট বিভাগ/আপীল বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
- ৫। সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ, ঢাকা (বাংলাদেশ সুপ্রীম কোর্টের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৬। অফিস কপি।


02.07.24

(শোভন শাহরিয়ার)

সহকারী রেজিস্ট্রার (বিচার)

ফোন: ০২২২৩৩৫৮৫৮৩

shovon.arjudicial@supremecourt.gov.bd